



জরিপে বিএনপির পক্ষে জনমত ষড়যন্ত্র সফল হবে না: নজরুল ইসলাম



সংগৃহীত ছবি

একটি জাতীয় দৈনিকে প্রকাশিত সাম্প্রতিক জরিপে বিএনপির প্রতি জনসমর্থন বেশি এসেছে বলে মন্তব্য করেছেন দলের স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান। তিনি সতর্ক করে বলেন, জরিপে হতাশ হয়ে কেউ ষড়যন্ত্রের পথ বেছে নিতে পারে, তবে জনগণ তা সফল হতে দেবে না। বিএনপি ক্ষমতায় গেলে জনগণের মৌলিক অধিকার ও ন্যায়সংগত উন্নয়ন নিশ্চিত করার প্রতিশ্রুতিও দেন তিনি।

নির্বাচনকে ঘিরে প্রকাশিত নতুন জরিপের ফলাফলে বিএনপির প্রতি ৬৬ শতাংশ উত্তরদাতার সমর্থন মিলেছে এ তথ্য উল্লেখ করে নজরুল ইসলাম খান বলেন, “এতে কেউ হতাশ হয়ে ষড়যন্ত্রের আশ্রয় নিতে পারে। কিন্তু জনগণ এখন তাদের সিদ্ধান্তে অটল; কোনও ষড়যন্ত্রই জনআকাঙ্ক্ষাকে দমাতে পারবে না।”

মঙ্গলবার (৯ ডিসেম্বর) রাজধানীর খামারবাড়ির কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে ‘বিএনপির দেশ গড়ার পরিকল্পনা’ শীর্ষক তৃতীয় দিনের কর্মসূচিতে তিনি এসব মন্তব্য করেন। তিনি আরও বলেন, বিগত সরকার বড় অবকাঠামো নির্মাণ করলেও সাধারণ মানুষের মৌলিক চাহিদা পূরণে ব্যর্থ হয়েছে। “একদিকে সম্পদের কেন্দ্রীকরণ, অন্যদিকে লাঞ্ছিত মানুষ দারিদ্র্যসীমার নিচে—এটি উন্নয়ন নয়। বিএনপি প্রান্তিক মানুষের স্বপ্ন পূরণের উন্নয়ন কাঠামো চায়।”

জরিপে আরও উঠে এসেছে, আসন্ন নির্বাচনে বিএনপির ক্ষমতায় যাওয়ার সম্ভাবনা বেশি এবং প্রধানমন্ত্রী প্রার্থী হিসেবে এগিয়ে আছেন তারেক রহমান।

একই অনুষ্ঠানে বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী ঘোষণা দেন—দল ক্ষমতায় গেলে দুর্নীতির বিরুদ্ধে ‘যুদ্ধ ঘোষণা’ করা হবে।

দিনব্যাপী এই কর্মসূচিতে বিকেলে দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান প্রধান অতিথির বক্তব্য দেওয়ার কথা রয়েছে।